দর্শনায় ধানের শীষের পক্ষে নারী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা পরাণপুর গ্রামে ধানের শীষের পক্ষে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকাল ৪ টায় বিএনপি নেতা সরোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত নারী সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ধানের শীষের প্রার্থী বিজিএমইএ এর সভাপতি মাহমুদ হাসান খান বাবুর শ্যালোক শফিকুল ইসলাম সোহেল।

তিনি তার বক্তব্যে বলেন, আপনাদের সবাইকে বলছি বাবু খান যদি ভাল লোক হয়। তবে তাকে একটা ধানের শীষে ভোট দেবেন। বাবু খান একজন স্বাবলম্বী ব্যবসায়ী। উনি কারো অনুদানের অপেক্ষা করেন না। উনি নিজে আপনাদের একটি হাসপাতাল আরো আনুসাংঙ্গিক যা লাগবে তিনি করে দেবেন। তার নিজের টাকায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় করে দেবে। খেলার দায়িত্ব আমি নিয়েছি।

আমি বিভিন্ন স্থানে ক্লাব করে দেবো। আপনাদের ছেলে মেয়েদের খেলার সরমজান আমার কাছ থেকে পাবে। আপনারা বাড়ি ফিরে গিয়ে আশেপাশের লোকজনকে বলবেন বাবু খান একজন সাদা মনের ভাল মানুষ। সবাই তার ধানের শীষে একটি করে ভোট দিতে বলবেন।

এ নারী সমাবেশে আরো উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও সমন্বয়ক কমিটির সদস্য হাবিবুর রহমান বুলেট, পরানপুর একতা ক্লাবের সভাপতি ইন্তাজুল ইসলাম, একতা ক্লাবের উপদেষ্টা জাকির হোসেন, বকুল মালিতা, মিলন জোয়ার্দ্দার প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন, হাবিবুর রহমান হাবু।

কোটচাঁদপুরে জামায়াতের নারী

সমাবেশ অনুষ্ঠিত

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৭ ফেব্রুয়ারি) সকালে উপজেলার সরকারি মডেল পাইলট হাই স্কুল মাঠে এ সমাবেশের আয়োজন করে উপজেলা জামায়াত।

এতে ঝিনাইদহ ৩ আসনের জামায়াতে ইসলামের প্রার্থী মতিয়ার রহমান, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও মহেশপুর উপজেলা সাবেক চেয়ারম্যান মাওলানা আব্দুল হাই, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র শিবিরের সভাপতি মোস্তাফিজুর রহমান, জেলা ছাত্র শিবিরের সেক্রেটারি উবাইদুর রহমান, মহেশপুর উপজেলা জামায়াতের সেক্রেটারি ইসমাইল হোসেন পলাশ, কোটচাঁদপুর উপজেলা জামায়াতের সেক্রেটারি শাহাবুদ্দিন খান, কোটচাঁদপুর পৌর জামায়াতের আমীর মুহাদ্দিস আব্দুল কাইয়ুম, উপজেলা ছাত্র শিবিরের সভাপতি হাফেজ মুজাহিদুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সমাবেশে সংসদ সদস্য প্রার্থী মতিয়ার রহমান বলেন, জামায়াতে ইসলাম ক্ষমতায় গেলে কোন ধর্ষণ, নারী নির্যাতন থাকবে না। কোরআনকে বাদ দিয়ে কোন আইন হবে না। আমাদের লক্ষ্য কোরআনের বাংলাদেশ, সোনার বাংলাদেশ। জামায়াত ক্ষমতায় গেলে আইন ও সুশাসন নিশ্চিত করা হবে।

জীবননগরে নারী সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে জীবননগর উপজেলায় নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল ১১টায় উপজেলার কেডিকে ইউনিয়নের কাশিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

আয়োজিত সমাবেশে নারীর সচেতনতা, বাল্যবিবাহ প্রতিরোধ, মাতৃস্বাস্থ্য এবং নারীর ক্ষমতায়ন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ইসমাইল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য

কর্মকর্তা শিল্পী মন্ডল। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা সজীব পাল, সরকারি শিক্ষক রবিউল ইসলাম, মাধ্যমিক শিক্ষক প্রতিনিধি ফারুক হোসেনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী এবং অভিভাবকবৃন্দ।

সমাবেশের বক্তব্যে জেলা তথ্য কর্মকর্তা শিল্পী মন্ডল বলেন, “মেয়েদের শিক্ষার হার বেড়েছে, কিন্তু বাল্যবিবাহের কারণে তাদের শিক্ষার সমাপ্তি ঘটে যায়। এ এলাকায় বাল্যবিবাহ এখনো ব্যাপক হারে প্রচলিত। নিরাপদ মাতৃস্বাস্থ্য নিশ্চিত করতে হলে নর্মাল ডেলিভারি অবশ্যই স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতালে করানো উচিত।”

সভাপতির বক্তব্যে ইসমাইল হোসেন বলেন, “পুরুষ সমাবেশের পরিবর্তে নারী সমাবেশ আয়োজনের কারণ হলো মায়েদের সন্তান প্রতিপালনে সবচেয়ে বেশি ভূমিকা থাকে। সন্তান সবচেয়ে বেশি সময় তার মায়ের কাছেই থাকে। তাই দায়িত্ববান ও সচেতন মা হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। নারীর ক্ষমতায়নে সরকারের নানা উদ্যোগ রয়েছে, কিন্তু এসব বাস্তবায়নে সবচেয়ে বড় বাধা বাল্যবিবাহ।”

তিনি বাল্যবিবাহের ক্ষতিকর দিক তুলে ধরে তা প্রতিরোধে সমন্বিত প্রচেষ্টার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। পাশাপাশি নারীদের স্বাবলম্বী করতে মহিলা বিষয়ক অধিদপ্তর ও যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির কথাও জানান।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

জীবননগরের উথলী বালিকা বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ এসডিজি মোতাবেক উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে দেশের অগ্রগতি, অর্জন, সাফল্য ও লক্ষ্য সমূহের সাথে

জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং ডেঙ্গু প্রতিরোধ, মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ বিষয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার সময় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মুক্ত মঞ্চে ওই নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান। এ সময় তিনি বলেন, নারীর ক্ষমতায়ন, নারীর অধিকার ও সামাজিক নিরাপত্তা প্রদানে আওয়ামী লীগ সরকার নিরলসভাবে কাজ করে আসছেন। নারী পাচার, ইভটিজিং ও বাল্যবিয়ে এখন অনেকটাই কমে এসেছে।সরকার নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে তাদের স্বাবলম্বী করে গড়ে তুলেছে। একটি অসাধু চক্র বিভিন্ন গুজব ও অপপ্রচার ছড়িয়ে দেশের সম্মান ক্ষুন্ন করার চেষ্টা করছে। আপনারা কেউ এই ধরনের গুজবে কান দিবেন না। নারীদের সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে বর্তমান সরকার নারীদের বিধবা ভাতা, মাতৃত্বকালীন ভাতাসহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করে আসছেন। আমাদের দেশে জনসংখ্যার অর্ধেক পুরুষ ও অর্ধেক নারী। সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডে নারীদের সম্পৃক্ত আরও বাড়াতে হবে।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসার শিল্পী মন্ডল। তিনি তার বক্তব্যে বলেন, সারা বিশ্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জন করে ২০৪১ সালে আমরা পৌঁছে যাবো উন্নত দেশের কাঙ্খিত গন্তব্যে। উন্নয়নের এই ধারায় নারীদের সম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে।মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ করে নারীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আব্দুল হান্নান, চুয়াডাঙ্গা খাদ্য নিয়ন্ত্রক সজিব পাল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুৎফর রহমান, সাংবাদিক আকিমুল ইসলাম, বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সদস্য সেলিম হোসেন, মাহফুজুর রহমান, আলমগীর হোসেন, এনামুল হক, মুসলিমা খাতুন প্রমুখ। সমাবেশে দু’ শতাধিক নারী উপস্থিত ছিলেন।

গাংনীতে জনসচেতনতা বৃদ্ধিতে নারী সমাবেশ অনুষ্ঠিত

গাংনীতে উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে সমাজের প্রান্তিক পর্যায়ে মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ, সাম্প্রদায়িকতা, গুজব ও অপপ্রচার এবং বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের মুক্ত মঞ্চে দিনব্যাপি নারী সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহযোগীতায় মেহেরপুর জেলা তথ্য অফিস এই নারী সমাবেশের আয়োজন করে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু’র সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর হাসান, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

সমাবেশে শিক্ষার্থীদের সঞ্চালনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন, জোড়ুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জোড়পুকুরিয়া গ্রামের কৃতিসন্তান সোনালী ব্যাংকের কর্মকর্তা হাশেম উদ্দীন, সাহারবাটি ইউপি সদস্য সাহাবুউদ্দীন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ।

একইসাথে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা

,অভিভাবক বৃন্দ ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠানের ২য় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সমাবেশের শুরুতেই প্রধান অতিথি জেলা প্রশাসক শামীম হাসান বিদ্যালয়ের শিক্ষার্থীদের খেলাধুলা সহ বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন এবং সন্তোষ প্রকাশ করেন।

ঝিনাইদহ তথ্য অফিসের আয়োজনে নারী সমাবেশ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং আত্মহত্যা, বাল্যবিবাহ ও মাদকাসক্তি প্রতিরোধে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে জেলা তথ্য অফিস ঝিনাইদহ এর আয়োজনে হরিণাকুন্ডু উপজেলার সোহাগপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত এ নারী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরিক্ষত মহিলা আসন-৩২৭ এর জাতীয় সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসাইন, ঝিনাইদহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনন্দ কিশোর সাহা, রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ বশির উদ্দীন ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এস এম আবদুর রহমান। জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের পাশাপাশি বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রতিরোধের গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য খালেদা খানম বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছিল বলেই আমরা আজ উন্নত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন দেখছি। বঙ্গবন্ধু যে সোনার বাংলা গড়তে চেয়েছিলেন সেটিকে দ্র্বুার গতিতে বাস্তবায়ন করে চলছেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এদেশের নারী সমাজের সার্বিক উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নানাবিধ যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি বক্তব্যে বিভিন্ন ক্ষেত্রে সরকারের সাফল্য তুলে ধরেন।

অন্যান্যের মধ্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসমত আরা বক্তব্য প্রদান করেন। এ নারী সমাবেশে বিভিন্ন শ্রেণি-পেশার দেড় শতাধিক নারী অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে তথ্য অফিসের উদ্যোগে নারী সমাবেশ অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং মাদকাসক্তি, আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে জেলা তথ্য অফিস ঝিনাইদহ এর আয়োজনে কালীগঞ্জ উপজেলার কালুখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ নারী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম (আনার)।

সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক গোলক মজুমদার, কালীগঞ্জ উপজেলা শিক্ষা অফিসার মোঃ মাহমুদ হাসান ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার শাহানাজ পারভীন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের একমাত্র কামনা ছিলো বাংলাদেশের মানুষ যেন খাদ্য পায়, আশ্রয় পায় এবং উন্নত জীবনের অধিকারী হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনাও একইরূপ স্বপ্ন দেখেন। তিনি এদেশের মানুষের খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। বিশেষ এদেশের নারী সমাজের উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

নানাবিধ যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি বক্তব্যে বিভিন্ন ক্ষেত্রে সরকারের সাফল্য তুলে ধরেন।

অন্যান্যের মধ্যে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি মোঃ ওয়াহিদুজ্জামান বক্তব্য প্রদান করেন। এ নারী সমাবেশে বিভিন্ন শ্রেণি-পেশার দুই শতাধিক নারী অংশগ্রহণ করেন।